



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.১৯.৩২

তারিখ: ৩ আষাঢ়.১৪২৭

১৭ জুন ২০২০

বিষয়: ২০২০-২১ অর্থবছরের এপিএ প্রণয়নের সময়সীমা বর্ধিতকরণ এবং ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র মূল্যায়ন সংক্রান্ত সময়সীমা নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে বিদ্যমান 'করোনা পরিস্থিতি' বিবেচনায় সরকারি অফিসসমূহের ২০২০-২১ অর্থবছরের এপিএ প্রণয়ন এবং ২০১৯-২০ অর্থবছরের এপিএ মূল্যায়নের সময়সীমা নিম্নলিখিতভাবে নির্ধারণ করা হয়েছে:

(ক) মন্ত্রণালয়/বিভাগসমূহ ৩০ জুলাই ২০২০ তারিখের মধ্যে ২০২০-২১ অর্থবছরের এপিএ'র খসড়া APAMS সফটওয়্যারের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করবে। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন ও সুবিধাজনক সময় সাপেক্ষে মন্ত্রণালয়/বিভাগের এপিএ স্বাক্ষরের তারিখ পরবর্তীতে জানানো হবে। তবে এপিএ'র কার্যকারিতা অর্থবছরের সাথে মিল রেখে ০১ জুলাই ২০২০ হতেই শুরু হবে।

(খ) অন্যান্য সকল সরকারি অফিস (দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ) স্ব-স্ব অফিসের ২০২০-২১ অর্থবছরের চূড়ান্ত এপিএ প্রণয়নসহ উর্ধ্বতন অফিসের সাথে এপিএ স্বাক্ষরের কাজ ৩০ জুলাই ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করবে।

(গ) মন্ত্রণালয়/বিভাগসমূহ ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে APAMS সফটওয়্যারের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করবে। তবে দুই (০২) মেগাবাইটের বেশি আকারের প্রমাণকসমূহ ই-মেইলে প্রেরণ করা যাবে। প্রমাণকসমূহের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না।

(ঘ) মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থাসহ সকল সরকারি অফিস তাদের স্ব-স্ব আওতাধীন অফিসসমূহের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন ৩০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে সমাপ্ত করবে।

২। উপর্যুক্ত নির্দেশনা ও সময়সীমা অনুযায়ী ২০২০-২১ অর্থবছরের এপিএ প্রণয়ন এবং ২০১৯-২০ অর্থবছরের এপিএ মূল্যায়ন কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। বিষয়টি নিজ নিজ আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসকে অবহিত করতেও নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৭-৬-২০২০

মুহাম্মাদ সাইফুল ইসলাম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪১০৫০১১১

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: pmpc_sec@cabinet.gov.bd

বিতরণ :

১) সিনিয়র সচিব/সচিব (সকল)

২) বিভাগীয় কমিশনার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.১৯.৩২/১(৪)

তারিখ: ৩ আষাঢ়.১৪২৭

১৭ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ- মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

২) সচিব, সমন্বয় ও সংস্কার এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ- সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩) সিস্টেম এনালিস্ট, মন্ত্রিপরিষদ বিভাগ- পত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

৪) অতিরিক্ত সচিব (সংস্কার) এর ব্যক্তিগত কর্মকর্তা- অতিরিক্ত সচিব (সংস্কার) মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৭-৬-২০২০

মুহাম্মাদ সাইফুল ইসলাম

সিনিয়র সহকারী সচিব